

ইভটিজিংয়ের মিথ্যা অভিযোগে র্যাগিং — পবিপ্রবিতে ৩ শিক্ষার্থী বহিষ্কার

পবিপ্রবি সংবাদদাতা

প্রকাশ : ৩০ অক্টোবর ২০২৫, ০৯:১৭



পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ছবি: ইত্তেফাক

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পবিপ্রবি) র্যাগিংয়ের ঘটনায় তিন শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করেছে কর্তৃপক্ষ।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

বুধবার (২৯ অক্টোবর) বিকেলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. ইকতিয়ার উদ্দিন স্বাক্ষরিত এক অফিস আদেশের মাধ্যমে বিষয়টি জানানো হয়েছে। এর আগে ২৮ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের ৪১তম শৃঙ্খলা সভার সিদ্ধান্ত অনুযায়ী রেজিস্ট্রার দপ্তর থেকে এ সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়।

শান্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- কৃষি অনুষদের ৪র্থ সেমিস্টারের শিক্ষার্থী ফারহান ইসরাক খান (সুপ্ত), মৎস্যবিজ্ঞান অনুষদের ৪র্থ সেমিস্টারের শিক্ষার্থী মো. নাফিউল আলম নাহিদ এবং কৃষি অনুষদের ২য় সেমিস্টারের শিক্ষার্থী ফারিয়া আক্তার নাতাশা।

অফিস আদেশে বলা হয়েছে, শহীদ জিয়াউর রহমান হল-১ এর আবাসিক ছাত্র এবং কৃষি অনুষদের ৪র্থ সেমিস্টারের শিক্ষার্থী ফারহান ইসরাক খান (সুপ্ত)-কে র্যাগিংয়ের পরিকল্পনা ও নেতৃত্ব প্রদান, সংঘটিত করা, সক্রিয় অংশগ্রহণ এবং শারীরিক ও মানসিক নির্যাতনের অভিযোগে দুই সেমিস্টারের জন্য বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কৃত হয়েছেন।

একই ঘটনায় জড়িত থাকার কারণে শহীদ জিয়াউর রহমান হল-১ এর আবাসিক ছাত্র এবং মৎস্যবিজ্ঞান অনুষদের ৪র্থ সেমিস্টারের শিক্ষার্থী মো. নাফিউল আলম নাহিদকে এক সেমিস্টারের জন্য বহিস্কৃত হয়েছেন।

এছাড়া কবি বেগম সুফিয়া কামাল হলের আবাসিক ছাত্রী এবং কৃষি অনুষদের ২য় সেমিস্টারের শিক্ষার্থী ফারিয়া আক্তার নাতাশাকে ঘটনার মূল উস্কানিদাতা এবং টিজ করার বিষয়ে মিথ্যা অভিযোগ করায় তাকেও এক সেমিস্টারের জন্য বহিস্কার করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, বহিস্কৃত শিক্ষার্থীরা বহিস্কারের মেয়াদকালে বিশ্ববিদ্যালয়ের কোনো ক্যাম্পাস বা হলে অবস্থান করতে পারবে না।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. ইকতিয়ার উদ্দিন স্বাক্ষরিত আদেশে উল্লেখ করা হয়েছে যে, সিদ্ধান্তটি উপাচার্যের অনুমোদনক্রমে কার্যকর করা হয়েছে।